www.isaaa.org
www.bdbic.org
bdbic@googlegroups.com
info@isaaa.org

ISAAA

# বায়োটেক ফসলের বর্তমান অবস্থা

ISAAA এর "ফসল জৈব প্রযুক্তির বিশ্ব জ্ঞান কেন্দ্র" কর্তৃক রচিত উন্নয়নশীল দেশের কৃষি-জৈব প্রযুক্তি উদ্ভাবনের বিশ্ব পরিস্থিতির সারাংশ।

জুলাই ১৪ , ২০০৬

## এ সংখ্যার শিরোনাম

| | | | |
|---|---|---|---|
| খবর | বিশ্ব | - বিশ্ব কৃষিকে বায়োটেক কর্তৃক পুনরাকৃতি দানঃ প্রতিবেদন | |
| | আফ্রিকা | - কেনিয়াতে জিএমও বাতিল করার চেষ্টা কিন্তু তা ব্যর্থ | |
| | আমেরিকা | - ২০০৬ সালে যুক্তরাষ্ট্রে একর প্রতি বায়োটেক শস্যের ফলন বৃদ্ধি<br>- এআরএস বিজ্ঞানীদের ব্লাষ্ট প্রতিরোধী ধানের নতুন জীন উদ্ভাবন | - ব্রাজিলে বায়োটেক লেবুর জাতীয় ফসলের উদ্ভাবন |
| | এশিয়া | - ফিলিপাইনে বায়োটেকসহ কৃষিকে আধুনিকিকরনের জন্য ২০ মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ | - চীনে বায়োফুয়েলের জন্য নতুন প্রকল্প |
| | ইউরোপ | - ইউরোপের খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষ কর্তৃক জিএমও এর উপর পরামর্শ শুরু | |
| গবেষণা | | - ধানের জীন কর্তৃক তামাক গাছ রোগ ও লবনাক্ত প্রতিরোধী | |
| বিজ্ঞপ্তি | | - ভারতে ধান কনগ্রেস | - ভারতে কৃষি তত্ত্ববিদ্যা কর্মশালা |

## খবর

### বিশ্ব

#### বিশ্ব কৃষিকে বায়োটেক কর্তৃক পুনরাকৃতি দানঃ প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের নর্থ-ডাকোটা ষ্টেট ইউনিভার্সিটির কৃষি ব্যবসা ও ফলিত অর্থনীতি কর্তৃক প্রতিবেদন পেশ করা হয় যে, ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি, কৃষি গবেষণা ও উন্নয়ন এবং নতুন ব্যবস্থার মাধ্যমে বিশ্ব কৃষিকে পুনরাকৃতি করা যেতে পারে। বিস্তারিত: http://agecon.lib.umn.edu/cgi-bin/detailview.pl?paperid=21789

### আফ্রিকা

#### কেনিয়াতে জিএমও বাতিল করার চেষ্টা কিন্তু তা ব্যর্থ

কেনিয়ার পার্লামেন্টে জিএমও কে বাতিল করার কথা তোল হলে তার বিরুদ্ধে প্রতিবাদ করেন পার্লামেন্টের এমপি Sammy Weya তিনি সম্প্রতি দক্ষিন আফ্রিকা ভ্রমন করেন। তিনি সেখানে দেখেন যে, দক্ষিন আফ্রিকা জিএমও কে বাণিজ্যিকিকরন করে কৃষির দিক দিয়ে অনেক দূর অগ্রসর হয়েছেন। তিনি জিএমও পক্ষ থেকে বিভিন্ন যুক্তি দেখান এবং বলেন যে নতুন প্রযুক্তির প্রচলন শুরু না করলে দেশের উন্নয়ন সম্ভব না। এর উদাহরন হিসেবে তিনি জৈব প্রযুক্তির কথা উল্লেখ করেন। বিস্তারিত: Email: m.karembu@cgiar.org and d.otunge@absfafrica.org

### আমেরিকা

#### ২০০৬ সালে যুক্তরাষ্ট্রে একর প্রতি বায়োটেক শস্যের ফলন বৃদ্ধি

যুক্তরাষ্ট্রে এ বছরে বায়োটেক সয়াবিন, ভূট্টা ও তুলার রোপন বৃদ্ধি করেছে। এ ব্যাপারে এক পরিসংখ্যান যুক্তরাষ্টে কৃষি বিভাগ প্রকাশ করেছে যা, নিম্নে দেয়া হল-

- ২০০৬ সালে ৬৬.৬৮ মিলিয়ন একর বায়োটেক সয়াবিন চাষ করা হয় আর ২০০৫ সালে ৬২.৭৬ মিয়িলন একর বায়োটেক সয়াবিন চাষ করা হয়েছিল।
- ২০০৬ সালে ১২.৬৮ মিলিয়ন একর বায়োটেক তুলা চাষ করা হয় আর ২০০৫ সালে ১১.২৫ মিলিয়ন একর তুলা চাষ করা হয়।
- ২০০৬ সালে ৪৮.৪ মিলিয়ন একর ভূট্টা চাষ করা হয় যেখানে ২০০৫ সালে মাত্র ৬ মিলিয়ন একর জমিতে এ ভূট্টা চাষ করা হয়েছিল।

বিস্তারিত: http://www.usda.mannlib.cornell.edu/reports/nassr/field/pcp-bba/acrg0606.pdf

#### ব্রাজিলে বায়োটেক লেবুর জাতীয় ফসলের উদ্ভাবন

ব্রাজিলের চারটি গবেষণা প্রতিষ্ঠান একত্রে লেবু জাতীয় ফসল নিয়ে গবেষণা শুরু করেছে। তারা সম্প্রতি বায়োটেক সাইট্রাস উদ্ভাবন করেছে। এ সাইট্রাস Citrus Tristeza Virus (CTV) ভাইরাস প্রতিরোধী। বিস্তারিত: http://www.agrolink.com.br/noticias/pg_detalhe_noticia.asp?cod=42284

#### এআরএস বিজ্ঞানীদের ব্লাষ্ট প্রতিরোধী ধানের নতুন জীন উদ্ভাবন

যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (USDA) কৃষি গবেষণা সার্ভিসের (ARS) বিজ্ঞানীরা সম্প্রতি একটি নতুন জীন উদ্ভাবন করেছে। এ জীনটি ধানের ব্লাষ্ট রোগ প্রতিরোধী। এ ব্লাষ্ট রোগটি প্রতি বছর বিশ্বের ৩০% ফসলের ক্ষতি করে থাকে। বিস্তারিত: http://www.ars.usda.gov/is/pr.

### এশিয়া

#### ফিলিপাইনে বায়োটেকসহ কৃষিকে আধুনিকিকরনের জন্য ২০ মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ

ফিলিপাইনের বায়োটেক অবস্থা ও কৃষিকে আরও আধুনিকিকরনের জন্য ২০ মিলিয়ন মার্কি ডলার বরাদ্দ করা হয়েছে। ফিলিপাইনের অর্থ সচিব Margarito B. Teves এবং যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত Kristie A. Kenny ফিলিপাইনের University of the Philippines Los Banos (UPLB) বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ প্রজনন বিভাগে ১৪ জুলাই এক চুক্তিতে স্বাক্ষর করেন। এ চুক্তির মূল উদ্দেশ্য হলো-

- পোষ্ট হারভেষ্ট হ্যান্ডলিং ও অবকাঠামো উন্নয়ন।
- জৈবপ্রযুক্তি গবেষণা ও বাণিজ্যিকিকরন
- পশুসম্পদ উন্নয়ন ও
- মানব সম্পদ উন্নয়ন। বিস্তারিত: Email: spt@agri.searca.org

### চীনে বায়োফুয়েলের জন্য নতুন প্রকল্প

চীনে প্রতিবছর ৭০০ মিলিয়ন টন ধানের খড় বিভিন্ন খড় উৎপন্ন হয়। চীনের University of Science and Technology of China (USTC) বিশ্ববিদ্যালয়ের গবেষক এ উৎপাদ থেকে জৈব জ্বালানী উৎপাদনের কথা চিন্তা করেছেন। এজন্য এক প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।
বিস্তারিত: http://www.english.cas.cn/eng2003/news/detailnewsb.asp?InfoNo=26116

## ইউরোপ

### ইউরোপের খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষ কর্তৃক জিএমও এর উপর পরামর্শ শুরু

ইউরোপের খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষ (EFSA) এক প্যানেলের মাধ্যমে জিএমওএর উপর প্রকাশ্য পরামর্শ শুরু করেছে। এসব পরামর্শ শেষে তারা এর উপর এক দলিলপত্র প্রকাশ করবে। তারা জিএমও এর প্রভাব অনুজীব (Microorganism) সহ অন্যান্য উপকারী কীবের প্রতিও লক্ষ করবেন। অর্থাৎ তাদের প্রধান লক্ষ্য হল Risk Assessment of GM Microorganisms (GMMs) এর উপর ঝুঁকি নিরুপন। তারা উপকারী ব্যাকটেরিয়া, ছত্রাক, ইষ্ট এবং মাইক্রো এলার্জির খাদ্যের উপরও জিএমও প্রভাব লক্ষ্য করবেন। বিস্তারিত: http://www.efsa.europa.eu/science/gmo/gmo_guidance/catindex_en.html

## গবেষণা

### ধানের জীন কর্তৃক তামাক গাছ রোগ ও লবনাক্ত প্রতিরোধী

বিজ্ঞানীরা সম্প্রতি ধানের মধ্যে একটি নতুন জীন লক্ষ্য করেছেন। এ জীনটির নাম হল $OsBIERF_3$ জীন। বিজ্ঞানীরা এ জীনটিকে তামাক উদ্ভিদে *Agrobacterium* এর মাধ্যমে স্থানান্তর করেন। পরে ট্রান্সজেনিক উদ্ভিদকে পরীক্ষা করে দেখেন। এ ট্রান্সজেনিক তামাক উদ্ভিদ লবনাক্ততা সহিষ্ণু ও রোগ প্রতিরোধী। বিস্তারিত: http://dx.doi.org/10.1016/j.pmpp.2006.01.004

## বিজ্ঞপ্তি

### ভারতে ধান কনগ্রেস

আন্তর্জাতিক ধান কনগ্রেস (IRC) ভারতের নয়া দিল্লীতে ২০০৬ সালের অক্টোবরের ৯-১৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এতে প্রধানত তিনটি বিষয় নিয়ে আলোচনা করা হবে। ১) ২৬তম আন্তর্জাতিক ধান গবেষণা কনফারেন্স, ২) দ্বিতীয় আন্তর্জাতিক ধান বাণিজ্য কনফারেন্স ও ৩) দ্বিতীয় আন্তর্জাতিক ধান প্রযুক্তি ও কালচারাল প্রদর্শন। বিস্তারিত: http://www.icar.org.in/irc2006

### ভারতে কৃষি তত্ত্ববিদ্যা কর্মশালা

৭ম কৃষি তত্ত্ববিদ্যা সার্ভিস কর্মশালা ভারতের বাঙ্গালোর-এ ২০০৬ সালের নভেম্বর ৯-১০ পর্যন্ত অনুষ্ঠিত হবে। বিস্তারিত: http://www.fao.org/aims/pup_aos7.aso

**ISAAA ( International Service for the Acquisition of Agri-biotech Applications)**
*Bangla*Centre, c/o CIMMYT BD, Hse18, Rd4, Sec4, Uttara, Dhaka1230, Bangladesh• Phone +88028916929 ext. 122 • Fax ext. 115 • k.nasiruddin@isaaa.org
*SEAsia*Center, c/o IRRI, DAPOBox 7777, Metro Manila, Philippines • Ph +63-2-580-5600 • Fax 580-5600 • Telfax 49-536-7216 • R.Hautea@isaaa.org
*Ameri*Center, 417 Bradfield Hall, Cornell University, Ithaca, NY 14853, USA •Phone +1-607-255 1724 • Fax 255 1215 • Americenter@isaaa.org
*Afri*Center, CIP/ILRI, PO Box 25171, Nairobi, Kenya • Phone +254-20-630 743 ext. 3261• Fax 630-005/631-599 • S.Wakhusama@cgiar.org

www.bdbic.org: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য ওয়েব
www.isaaa.org: ISAAA সম্পর্কে সকল তথ্য, Crop Biotech Update: বায়োটেক ফসলের বিশ্ব পরিস্থিতির ওয়েব
www.agbios.com: কৃষি বায়োটেকনোলজির ওয়েব, নিউজলেটারে বাংলাদেশের জন্য পৃথক সেকশন রয়েছে
bdbic@googlegroups.com: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য গ্রুপ মেইল
info@isaaa.org: ISAAA যেকোন তথ্য বা প্রকাশনার জন্য